

তথ্যবিবরণী

নম্বর:১৩৬

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীগণের সাথে ইসি কমিশনারের মতবিনিময়

ময়মনসিংহ (বুধবার, ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

আসন্ন ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীগণের সাথে নির্বাচন কমিশনার মোঃ আলমগীর এর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বুধবার (২৮ ফেব্রুয়ারি) রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন এর আয়োজনে নগরীর তারেক স্মৃতি অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, রিটার্নিং অফিসার মোঃ বেলায়েত হোসেন চৌধুরী, আইনশৃঙ্খলা সংক্রান্ত বিভিন্ন বাহিনীর প্রতিনিধিগণ, জেলা উপজেলা নির্বাচন কর্মকর্তগণসহ সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণকারী মেয়র, সংরক্ষিত মহিলা কাউন্সিলর এবং সাধারণ কাউন্সিলর প্রার্থীরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় উপস্থিত সকল মেয়র ও কাউন্সিলর প্রার্থীগণ আসন্ন নির্বাচন সামনে রেখে বিভিন্ন মতামত প্রকাশ করেন। এ সময় মেয়র প্রার্থী মোঃ ইকরামুল হক টিটু বলেন, বর্তমান সরকার জবাবদিহিমূলক ও সুষ্ঠু নির্বাচনে বন্ধপরিকর। আমাদের সিটি কর্পোরেশনের বেশ কিছু এলাকা রয়েছে যেখানে শিক্ষিতের হার কম। সেইসব এলাকাগুলোতে ইভিএম ব্যবহারে অসন্তুষ্টি রয়েছে। তাই ইভিএম ব্যাপারে ভোটারদের নির্বাচন কমিশনকে আশ্বস্ত করতে হবে। যাতে করে ভোটারদের ইভিএম এর ব্যবহারের ব্যাপারে অসন্তুষ্টি না থাকে।

মেয়র পদপ্রার্থী এহতেশামুল আলম বলেন, জনমনে ইভিএম নিয়ে বিতর্ক থাকলেও আমাদের এ পদ্ধতির বাইরে যাওয়ার সুযোগ নেই। জাতীয় নির্বাচনে যেভাবে নির্বাচনী আচরণ বিধিমালা মেনে প্রচার-প্রচারণা করা হয়েছে। সিটি কর্পোরেশন নির্বাচনেও সেই কার্যক্রম অব্যাহত থাকবে।

আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে ৫ জন, সংরক্ষিত আসনে কাউন্সিলর সদস্য ৬৯ জন, সাধারণ ওয়ার্ড এর কাউন্সিলর সদস্য ১৪৮ জন। এ সময় ইভিএম, অবৈধ অর্ধের ব্যবহার, পেশী শক্তির ব্যবহার এবং নির্বাচন আচরণবিধি সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রার্থীগণ মিশ্র প্রতিক্রিয়া প্রকাশ করেন।

প্রার্থীদের মতামতের পরিপ্রেক্ষিতে ইসি কমিশনার জানান, ময়মনসিংহ সিটি নির্বাচনে কমিশন ইভিএম ব্যবহারে সিদ্ধান্ত নিয়েছে। ইভিএম এর মাধ্যমে ভোট প্রধান সহজ ও নির্ভরযোগ্য। এ মেশিনের মাধ্যমে জাল ভোট দেওয়া সম্ভব নয় এবং একই সাথে কোনভাবে একজনের ভোট অন্যজনের পক্ষে যাওয়া সম্ভব নয়। দেশ ডিজিটাল হচ্ছে, কারো পিছিয়ে থাকার সুযোগ নেই। ইভিএম পদ্ধতির সাথে মানিয়ে নিতে হবে।

তিনি বলেন, নির্বাচনী কারো প্রতি কোনো পক্ষপাতিত্ব করার সুযোগ নেই। জনগণ যাকে নির্বাচনে ভোট দিয়ে নির্বাচিত করবেন, তাদেরকেই আমরা নির্বাচিত ঘোষণা করব। এছাড়াও নির্বাচন আচরণ বিধি নিয়ে ১১ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট কাজ করছে।

ইসি কমিশনার আরো বলেন, অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় নির্বাচনে ময়মনসিংহের কোন সহিংসতার খবর পাওয়া যায়নি। সিটি কর্পোরেশন নির্বাচনেও যাতে কোন সহিংসতা ও অপ্ৰীতিকর পরিস্থিতি না হয় এর জন্য নির্বাচনের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে যথা

#

রেজভী /মনির/দেওয়ান/রিদওয়ান/ হদা /২০২৪/১৫:০০ ঘন্টা